

তোমার মহাবিশ্বে কিছু হারায় না তো কভু।  
আমরা অবোধ, অন্ধ মায়ায় তাই তো কাঁদি প্রভু ॥  
তোমার মতই তোমার ভুবন  
চির পূর্ণ হে নারায়ণ  
দেখতে না পায় অন্ধ নয়ন, তাই তো এ দুখ প্রভু ॥  
ঝরে যে ফল ধুলায় জানি হয় না কভু হারা  
ঐ ঝরা ফলে নেয় যে জনম তরুণ চারা  
তারা হয় না কভু হারা  
হারালো মোর প্রিয় যারা  
তোমার কাছে আছে তারা  
আমার কাছে নাই তাহারা হারায়নি ক তবু।